



আরইবি এক্স অফিসার্স এসোসিয়েশন REB Ex Officers Association (REOA)

REOA এর 'কল্যাণ তহবিল' পরিচালনার নীতিমালা

১। উদ্দেশ্য :

REOA (REB Ex-Officers Association) এর সকল আজীবন সদস্য ও তাঁদের পরিবার, মৃত প্রাক্তন কর্মকর্তাদের পরিবার এবং অন্যান্য যে কোন সাহায্য ও কল্যাণের জন্য সততা ও ন্যায্যপারায়ণতার সাথে পরিচালনার লক্ষ্যে ইহার তহবিল সংগ্রহ, সংরক্ষণ ও ব্যয়নের যথাযথ পদ্ধতি নিরূপণ এবং ইহার সুষ্ঠু হিসাব সংরক্ষণ।

২। সুবিধাভোগী:

১) মূলতঃ REOA এর সকল আজীবন

সদস্যগণ ও তাঁদের পরিবার এ তহবিলের সুবিধাভোগী-যা প্রধানত তাঁদের চিকিৎসা ব্যয়ের জন্য প্রদান করা হবে।

২) মৃত প্রাক্তন কর্মকর্তাগণের পরিবারের দৈন্যদশায় এ তহবিল হতে অর্থ প্রদান করা যেতে পারে।

৩) উপরোক্ত ব্যতীত যে কোনরূপ সাহায্য ও কল্যাণমূলক কাজ।

৩। আবেদনের পদ্ধতি :

১) সুবিধাভোগী (ক্রমিক নং ১৩২) তাঁর প্রয়োজনে 'কল্যাণ তহবিল' হতে অর্থ প্রাপ্তির জন্য 'REOA নির্বাহী কমিটি' এর নিকট নির্দিষ্ট ফর্মে (পরিশিষ্ট-১) আবেদন করবেন। তবে ক্ষেত্রবিশেষে আবেদনকারীর পক্ষে পরিবারের অন্য কোন সদস্যও আবেদন করতে পারবেন।

২) ক্রমিক নং ৩ নির্বাহী কমিটির বিবেচনায় গ্রহণ করা হবে।

৪। তহবিলে যারা অর্থ প্রদান করবেন:

সাধারণ ভাবে REOA এর সকল আজীবন সদস্য এ তহবিলে অর্থ প্রদান করবেন। তাছাড়া REOA এর শুভাকাঙ্ক্ষী যে কোন ব্যক্তি এবং প্রতিষ্ঠানও যে কোন সময় এ তহবিলে অর্থ প্রদান করতে পারবেন।

৫। তহবিল সংগ্রহ:

কল্যাণ তহবিলের তহবিল সংগ্রহ সারাবছর ব্যাপী চলবে এবং ক্রীড়া, সংস্কৃতি ও কল্যাণ (ক্রীসক) সম্পাদক এ অর্থ সংগ্রহ সংক্রান্ত উদ্বুদ্ধকরণ প্রয়াস সর্বত্র জারী রাখবেন। অর্থ প্রদানের ক্ষেত্রে কোন নির্দিষ্ট সময়সীমা থাকবে না। বছরের যে কোন সময়ই যে কেহ অর্থ প্রদান করতে পারবেন। একই বছরে একাধিকবারও অর্থ প্রদান করা যাবে। তবে হিসাব সংরক্ষণের সুবিধার্থে এককালীন কমপক্ষে এক হাজার টাকা প্রদান করা সমীচীন হবে। সাধারণভাবে অর্থদাতাদের প্রদত্ত অর্থ 'কল্যাণ তহবিল'এ পুঞ্জীভূত আকারে জমা হতে থাকবে।



আরইবি এক্স অফিসার্স এসোসিয়েশন REB Ex Officers Association (REOA)

৬। আবেদনপত্র যাচাই:

আবেদনপত্র পাওয়ার সাথে সাথেই তা যাচাই করা হবে। এতদউদ্দেশ্যে গঠিত কমিটি নিম্নরূপ:

- ১) আহ্বায়ক: নির্বাহী কমিটির সাংগঠনিক সম্পাদক
- ২) সদস্য : নির্বাহী কমিটির সহ কোষাধ্যক্ষ
- ৩) সদস্য: নির্বাহী কমিটি মনোনীত
- ৪) সদস্য-সচিব : নির্বাহী কমিটির ক্রীড়া সংস্কৃতি ও কল্যাণ সম্পাদক

৭। অর্থ বরাদ্দের ক্ষেত্রে বিবেচ্য বিষয় সমূহ

- ক) আবেদনকারী এর অর্থের প্রয়োজনীয়তা নিরূপণ।
- খ) 'কল্যাণ তহবিল' এ জমাকৃত পুঞ্জীভূত অর্থের পরিমাণ।

গ) REOA এর সাথে সম্পৃক্ততা।

প্রসংগত উল্লেখ্য যে, আবেদনকারী আজীবন সদস্যের চিকিৎসার ভয়াবহতা বিবেচনায় কল্যাণ তহবিল হতে পর্যাপ্ত অর্থ প্রদান করা সম্ভব না হলে নির্বাহী কমিটি তাঁকে সাহায্যের জন্য গ্রুপে আবেদন জানাতে পারে, যা সরাসরি তাঁর ব্যাংক হিসাবে দাতার ব্যক্তিগত-সাহায্য হিসেবে গণ্য হবে।

৮। অর্থ প্রদান পদ্ধতি:

যাচাই কমিটির সুপারিশ পাওয়ার পর সাধারণভাবে অর্থ বরাদ্দ REOA এর নির্বাহী কমিটির অনুমোদনের পর প্রদান করা হবে। তবে জরুরি প্রয়োজনে অর্থ দ্রুত প্রদানের স্বার্থে REOA এর নির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হওয়ার জন্য অপেক্ষা না করে সাময়িক ব্যবস্থা নিয়ে 'REOA নির্বাহী কমিটি' এর অনলাইন গ্রুপে পোস্ট করে কমিটির সকল সদস্য দের অবহিত করা যেতে পারে। অনলাইনেই সদস্যদের মতামতের ভিত্তিতে নির্বাহী কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়ন করা হবে -যা পরবর্তী নির্বাহী কমিটির সভায় অনুমোদিত হতে হবে।

৯। তহবিল পরিচালনা ও হিসাব সংরক্ষণ:

কল্যাণ তহবিলের জন্য আলাদা ব্যাংক হিসাব খোলার আপাতত প্রয়োজন নেই। REOA এর মূল হিসাবেই অর্থ সংগ্রহ, সংরক্ষণ ও ব্যয় হবে। তবে একই ব্যাংক -হিসাব হলেও কল্যাণ -তহবিলের হিসাব সাধারণ-হিসাব থেকে আলাদা সংরক্ষণ করতে হবে। কল্যাণমূলক জরুরী চাহিদা মিটানোর স্বার্থে কোষাধ্যক্ষ কমপক্ষে টাকা ২৫০০০/ ও সর্বোচ্চ টাকা ৫০,০০০/ নগদ হাতে রাখবেন এবং ইসি কে যথাযথ অবহিত করবেন। তাছাড়া REOA এর পক্ষ থেকে অসুস্থ কাউকে দেখতে গেলে আনুষঙ্গিক ব্যয়ও এ তহবিল হতে সম্পন্ন হবে। REOA এর বার্ষিক আর্থিক প্রতিবেদন অভ্যন্তরীণ নিরীক্ষা করাতে হবে।

এস এম জাফর সাদেক
সাধারণ সম্পাদক

মো: নূরুল ইসলাম ভূঞা
সভাপতি



আরইবি এক্স অফিসার্স এসোসিয়েশন REB Ex Officers Association (REOA)

“কল্যাণ তহবিল থেকে আর্থিক সহায়তা প্রাপ্তির আবেদন পত্র”

০১।	আবেদনকারীর নাম	
০২।	আজীবন সদস্য নম্বর (যদি থাকে)	
০৩।	হোয়াটস এ্যাপ সহ ফোন নম্বর	
০৪।	জাতীয় পরিচয় পত্র নম্বর	
০৫।	বর্তমান ঠিকানা	
০৬।	অর্থ চাওয়ার কারণ (অসুস্থতার বিবরণ ও প্রমানক সহ)	
০৭।	চাহিত অর্থের পরিমাণ	
০৮।	আবেদনকারীর ব্যাংকের হিসাব নম্বর	
	ব্যাংকের নামঃ	শাখার নামঃ
০৯।	ঘোষণা (আবেদনকারীর)	আবেদনে আমি সঠিক তথ্য প্রদান করেছি।
১০।	আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ	

যাচাই কমিটির মূল্যায়ন ও সুপারিশঃ

সদস্য সচিব ও নির্বাহী কমিটির ত্রিসক সম্পাদক	সদস্য ও নির্বাহী কমিটি মনোনীত সদস্য	সদস্য ও নির্বাহী কমিটির কোষাধ্যক্ষ	আহবায়ক ও নির্বাহী কমিটির সাংগঠনিক সম্পাদক
---	---	--	--

অস্থায়ী কার্যালয় : বাড়ী- ৩১, রোড-১/ডি, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯

www.reoabd.com